# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 09 May, 2025

ভারত-পাকিস্তানের মধ্যকার সংঘাত ‘আমাদের কোনও বিষয় নয়’ বলে মন্তব্য করেছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স।

গতকাল বৃহস্পতিবার ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন।

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেন, ‘ভারত ও পাকিস্তানের মধ্যে ক্রমবর্ধমান সংঘাতের উত্তেজনা কমাতে চেয়েছিল ওয়াশিংটন, কিন্তু এটা মূলত আমাদের কোনও বিষয় নয়।

ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ভ্যান্স বলেন, ‘আমরা যা করতে পারি তা হলো তাদের উত্তেজনা কমাতে কিছুটা উৎসাহিত করার চেষ্টা করা।কিন্তু আমরা এমন কোন যুদ্ধে জড়াবো না, যা মূলত আমাদের স্বার্থের সঙ্গে সম্পর্কিত নয় এবং যেখানে আমাদের কোনও নিয়ন্ত্রণ নেই।

ভ্যান্স আরও বলেন, ‘এই বিষয়ে যুক্তরাষ্ট্র সরাসরি কোনো ভূমিকায়ও যাচ্ছে না, তবে পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে।

এর আগে ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘাত বন্ধের আহ্বান জানান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।হোয়াইট হাউসের ওভাল অফিসে সাংবাদিকদের তিনি বলেন, ‘আমি দুই দেশকেই ভালোভাবে চিনি।আমি চাই তারা নিজেদের মধ্যে বিষয়গুলো মিটিয়ে নিক।আমি চাই তারা এই সংঘাত বন্ধ করুক।

ট্রাম্প আরও বলেন ‘আমি যদি কোনোভাবে সাহায্য করতে পারি, তাহলে অবশ্যই পাশে থাকব।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় পাকিস্তানের বিভিন্ন স্থানে ভারতের ক্ষেপণাস্ত্র হামলাকে লজ্জাজনক বলে আখ্যায়িত করেছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প।

ভারত যুক্তরাষ্ট্র মার্কিন সংস্থা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:11

URL: https://www.timestodaybd.com/international/2187775807